গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা
www.eedmoe.gov.bd
শিক্ষা ভবন (দ্বিতীয় ব্লক) নবাব আব্দুল গনি রোড, ঢাকা।

## বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির ৪র্থ ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সমীর কুমার রজক দাস<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী |
| সভার তারিখ | ০৩ মে, ২০২৩ |
| সভার সময় | বিকাল ০৪:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভার শুরুতে সভাপতি সভার সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিষয়ে কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং সে সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন, এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা প্রয়োজন। একই সাথে মাঠ পর্যায়ের সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য তাগিদ প্রদান করা আবশ্যক। অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | সভায় জানানো হয়, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পরিবীক্ষণ কমিটি ৫ জানুয়ারি ২০২৩ তারিখে পুনঃগঠিত করা হয়েছে। | ৩০/০৬/২০২৩ তারিখের মধ্যে পরিবীক্ষণ কমিটি পুনর্গঠিত করবেন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবেন। | ১) ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২) মো: নূর নবী মোস্তফা, সহকারী প্রকৌশলী |
| ২ | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ের বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাসময় বাস্তবায়নের বিষয় গুরুত্বারোপ করা হয়। প্রধান কার্যালয়ের, সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং যে সকল কার্যালয়ে এখনো তৈরি করা হয়নি, সে সকল কার্যালয়কে এ বিষয়ে তাগিদ প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের জন্য একটি সভা/কর্মশালা আয়োজন করতে হবে। | ১) ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২) মো: নূর নবী মোস্তফা, সহকারী প্রকৌশলী |

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ৩ | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী, ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে মোট ৪টি সভা আয়োজন করতে হবে। ১ম, ২য় ও ৩য় কোয়ার্টারে ৩টি সভা অনুষ্ঠিত হয়েছে। ৪র্থ কোয়ার্টারে সার্কেল ও জেলা অফিসসমূহ নিয়ে ভার্চুয়াল সভা আয়োজন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ৩০/০৫/২০২৩ এর মধ্যে সার্কেল ও জেলা অফিসসমূহ নিয়ে ভার্চুয়াল সভা আয়োজন করতে হবে। | ১) ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৪ | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ হালনাগাদ, ওয়েবসাইটে প্রকাশ, দৃশ্যমান স্থানে প্রর্দশন এবং উর্ধ্বতন কার্যালয় বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।<br>হালনাগাদের ক্ষেত্রে সেবার সহজীকরণ, সেবা প্রদান পদ্ধতি, সেবার মূল্য, সেবা প্রদানের সময়সীমা এবং সেবা প্রদানকারী কর্মকর্তার নাম, পদবি ও ফোন/মোবাইল/ই-মেইল ঠিকানা প্রদানের বিষয়গুলো স্পষ্টীকরণ করে হালনাগাদ করতে হবে। | যে সকল সার্কেল এবং জেলা অফিসসমূহ ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন প্রদান করে নি, সে সকল সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে এ দপ্তরকে অবহিত করতে হবে। | ১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল সার্কেল)<br>২) নির্বাহী প্রকৌশলী (সকল জেলা) |
| ৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী, সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন বিধি-বিধান বিষয়ে ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন।<br>ইতোমধ্যে ২য় কোয়ার্টারে ২৯/১২/২২ তারিখ ১টি কর্মশালা আয়োজন করা হয়েছে। ৪র্থ কোয়ার্টারে ১টি কর্মশালা আয়োজন করা যেতে পারে। | ৩০/০৫/২০২৩ তারিখের মধ্যে ১টি কর্মশালা আয়োজন করতে হবে। | ১) ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৬ | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার, আভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান এবং আওতাধীন কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের সমন্বয়ে ২টি সভা যথাক্রমে ২২/০৮/২০২২ এবং ১৬/১১/২০২২ তারিখ আয়োজন করে লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন। | বাস্তবায়িত প্রমাণকসমূহ সহ প্রতিবেদন নির্ধারিত সময়ে মন্ত্রণালয়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) মো: নূর নবী মোস্তফা, সহকারী প্রকৌশলী |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১-০৫-২০২৩
সমীর কুমার রজক দাস
তত্ত্বাবধায়ক প্রকৌশলী

**নম্বর:** ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০১৩.২২.৮৬

তারিখ: ২৮ বৈশাখ ১৪৩০ বঙ্গাব্দ
১১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
২। অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৩। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৪। উপসচিব , বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান কার্যালয়/সার্কেল ................., শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৬। উপপরিচালক, প্রশাসন: অধিশাখা-৬, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৭। নির্বাহী প্রকৌশলী (পুর), ডেস্ক- ১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ/জেলা ............., শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
৮। প্রোগ্রামার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৯। উপপরিচালক, অর্থ (অতিরিক্ত) : অধিশাখা-৭, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১০। সহকারী প্রকৌশলী, পুর/ডিজাইন/বিদ্যুৎ/যান্ত্রিক, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১১। প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১২। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৩। উপসহকারী প্রকৌশলী, পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি/ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৪। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৫। সহকারী প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর;
১৬। জনাব, ...................................., ;
১৭। পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (প্রধান প্রকৌশলীর মহোদয়ের জ্ঞাতার্থে) এবং
১৮। পিএ টু পরিচালক, প্রশাসন ও অর্থ: অধিশাখা-৫, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (পরিচালক মহোদয়ের জ্ঞাতার্থে)।

১১-০৫-২০২৩
ইফতেখার উদ্দিন আহাম্মদ
প্রোগ্রামার

**সকল সংযুক্তিসমূহ:**

(১) উপস্থিতি - পরিশিষ্ট ‘ক’